তারিখ ... 24 MAR 1991
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৩

দৈনিক খবর

# ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট খুলে দেয়ার দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা পলিটেকনিক ইন্সটিটিউট ছাত্র-ছাত্রী সংসদের নেতৃবৃন্দ ইন্সটিটিউটের অধ্যক্ষের অপসারণ ও অবিলম্বে ইন্সটিটিউট খুলে দেয়ার দাবী জানিয়েছেন। নেতৃবৃন্দ ইন্সটিটিউট ক্যাম্পাসে সুষ্ঠু পরিবেশ ফিরিয়ে আনার লক্ষ্যে বহিরাগত মাস্তানদের গ্রেফতার এবং দোষী ব্যক্তিদের শাস্তি দাবী করেন।

গতকাল শনিবার সকালে জাতীয় প্রেসক্লাবে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে নেতৃবৃন্দ এসব দাবী করেছেন। এতে উপস্থিত ছিলেন মোঃ

শেষ পৃষ্ঠায় ৬ষ্ঠ কলামে

## ঢাকা পলিটেকনিক

প্রথম পৃষ্ঠার পর

মোয়াজ্জেম হোসেন, সোহেল মোহাম্মদ আলমগীর, ফারুক হোসেন সিকদার (ফারুক), শাকিল মাহমুদ, মিজানুর রহমান (মিজান), ফাতেমা রহমান, মাহবুবুল ইসলাম (স্বপন), মাসুদুর রহমান, আবদুস সাত্তার, তাজ মোহাম্মদ, রোকন ও মনির।

সাংবাদিক সম্মেলনে তারা বলেন, একটি ছাত্র সংগঠন বহিরাগত সন্ত্রাসী ও ইন্সটিটিউট অধ্যক্ষের পরোক্ষ মদদে ক্যাম্পাসে সন্ত্রাস চালিয়ে যাচ্ছে। এই সন্ত্রাসের শিকার সাধারণ ছাত্র সমাজ। বর্তমান অধ্যক্ষ এমদাদুল হক চৌধুরী ট্রেনিং-এ থাকাকালিন সময়ে ভারপ্রাপ্ত অধ্যক্ষের সভাপতিত্বে গত ৮ই আগস্ট শিক্ষক-কর্মচারীদের উপস্থিতিতে বিভিন্ন সংগঠনের নেতৃবৃন্দ ইন্সটিটিউটের সুষ্ঠু পরিবেশ বজায় রাখার লক্ষ্যে কতিপয় শর্তে স্বাক্ষর করে। এরপর শিক্ষার পরিবেশ ফিরে আসে। কিন্তু অধ্যক্ষ মহোদয় প্রশিক্ষণ শেষে ফিরে আসলে তার সমর্থন পুষ্ট সংগঠনটি আবার মাথাচাড়া দিয়ে উঠে সন্ত্রাসী কার্যকলাপ শুরু করে। বিশেষ করে গত ২৬শে জানুয়ারী ছাত্র-সংগঠনটির সন্ত্রাসের হোতা জনৈক সরোয়ারের নেতৃত্বে অস্ত্রের মুখে হল থেকে সাধারণ ছাত্রদের বের করে দেয়। এসব ঘটনার আলোকে আমরা গত ৮ই আগস্টের সভা মোতাবেক অধ্যক্ষ বরাবর বিচার প্রার্থনা করি। অধ্যক্ষ মহোদয় আজ অবধি কোন বিচার করেননি। ফলশ্রুতিতে সেই সন্ত্রাস চক্রের সন্ত্রাসী কার্যকলাপ অব্যাহত থাকে। এক পর্যায়ে অধ্যক্ষ মহোদয় সুকৌশলে ইন্সটিটিউট অনির্দিষ্টকালের জন্যে বন্ধ ঘোষণা করেন। সন্ত্রাস এখন চলছে। আমাদের ইন্সটিটিউটে যেতে দিচ্ছে না। বিচার চেয়েও আমরা ব্যর্থ হয়েছি। এ ব্যাপারে মামলা হলেও কাউকে গ্রেফতার করা হয়নি।